দৈনিক
আমাদের সময়

তারিখ ...17 AUG 2017...
পৃষ্ঠা ...২... কলাম ...২...

# ভুয়া ওয়ারেন্টে জেল খাটলেন শিক্ষক

নিজস্ব প্রতিবেদক ●
ঢাকার বিশেষ জজ আদালত ও ঢাকা মুখ্য মহানগর হাকিম আদালতের বিচারকের স্বাক্ষর জাল করে ওয়ারেন্ট জারির মাধ্যমে এক শিক্ষককে কারাগারে পাঠানোর অভিযোগ উঠেছে। সুবেদ বেপারি নামে ভুক্তভোগী ওই শিক্ষকের পরিবারের দাবি, মিথ্যা মামলা দিয়ে তাদেরকে হয়রানি করা হচ্ছে। গত ১৭ জুলাই শিক্ষক ও তার মেয়ে সিএমএম আদালত থেকে জামিন পান।

সংবাদ সম্মেলন শিক্ষক সুবেদ বেপারী বলেন, আমার মেয়ে সন্ধ্যা রাণী বেপারী গোপালগঞ্জ চক্ষু হাসপাতালের সেবিকা। তার সাথে ২০১১ সালের ১৯ মে ঝালকাঠি জেলার সুব্রত দেবনাথের বিয়ে হয়। সে ডিশ ব্যবসায়ী। মেয়ের সাথে বনিবনা না হওয়ায় ২০১২ সালে তাদের বিবাহ বিচ্ছেদ হয়। এরপর সুব্রত আমার মেয়ের মামা রিপন সমদ্দারের নামে মিথ্যা মামলা দিয়ে তাকে কারগারে পাঠায়। মামলাটি মিথ্যা প্রমাণিত হওয়ায় আদালত রিপনকে অব্যাহতি দেয়।

[illegible]
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
[illegible]
[illegible]
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে